

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আইপিএইচ স্কুল রোড
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০১.১১.০০২.২০- ২৯৫

তারিখঃ- ০৩/১২/২০২০ইং।

অধ্যক্ষ নিয়োগ বিজ্ঞপ্তি


নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত ০৪ (চার) টি নার্সিং কলেজে অধ্যক্ষ পদে পদায়নের জন্য শর্তসাপেক্ষে সরকারি চাকুরিতে কর্মরত ৯ম/১০ম গ্রেডের যোগ্যতাসম্পন্ন সরকারি চাকুরিতে কর্মরত অগ্রহী নার্সিং কর্মকর্তাগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	কলেজের নাম
০১	সিলেট নার্সিং কলেজ, সিলেট
০২	ময়মনসিংহ নার্সিং কলেজ, ময়মনসিংহ
০৩	রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী
০৪	শহীদ তাজউদ্দিন আহমেদ নার্সিং কলেজ, গাজীপুর

আবেদনের শর্তাবলীঃ

- ১। আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ৪৭ বছর এবং সর্বোচ্ছ ৫৬ বছর।
- ২। শিক্ষাগত যোগ্যতা, এমএসসি/ এমএসএন/এমপিএইচ ডিগ্রী থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ইন নার্সিং ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে (বর্ণিত ডিগ্রীসমূহ সরকারি চাকুরি প্রাপ্তির পর প্রাইভেট প্রতিষ্ঠান হতে লাভ করলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে)।
- ৩। সরকারী নার্সিং কলেজ/ ইনস্টিটিউটে কমপক্ষে ১০(দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।
- ৪। ইংরেজি ভাষায় দক্ষতা থাকতে হবে।
- ৫। আর্থিক ও প্রশাসনিক বিষয়ে দক্ষ হতে হবে।
- ৬। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।
- ৭। বিভাগীয় মামলা নেই মর্মে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ৮। কোন আদালতে প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারী মামলা নেই মর্মে প্রার্থী কর্তৃক প্রত্যয়ন দাখিল করতে হবে।
- ৯। কোন জটিল রোগে আক্রান্ত নয় মর্মে মেডিকেল সার্টিফিকেট দাখিল করতে হবে।
- ১০। আবেদনপত্রে এবং খামের উপর স্পষ্টভাবে পদের নাম উল্লেখ করতে হবে।
- ১১। আবেদনে প্রার্থীর কলেজের নাম উল্লেখ করা যাবে না।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন অগ্রহী প্রার্থীগণ সংযুক্ত ছক অনুযায়ী আবেদনপত্র কম্পিউটারে টাইপ করে প্রয়োজনীয় কাগজপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা উল্লেখ করে আগামী ১৭- ১২-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা কর্তৃক ডাকযোগে অথবা সরাসরি জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।



মেহমুদ আবদুল হাই, পিএএ

(উপসচিব)

পরিচালক (শিক্ষা ও প্রশিক্ষণ)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

বরাবর

সচিব,
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পাসপোর্ট সাইজের ছবি

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ

বিষয়ঃ নার্সিং কলেজে অধ্যক্ষ পদে পদায়নের আবেদন।

মহোদয়,

যথাযথ সম্মান পূর্বক, নিবেদন এই যে, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন ০৪ (চার) টি নার্সিং কলেজ যথা- সিলেট নার্সিং কলেজ, সিলেট, ময়মনসিংহ নার্সিং কলেজ, ময়মনসিংহ, রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী ও শহীদ তাজউদ্দিন আহমেদ নার্সিং কলেজ, গাজীপুর অধ্যক্ষ পদে পদায়নের জন্য ০৩/১২/২০২০ তারিখের ৪৫.০৩.০০০০.০০১.১১.০০২.২০-২৯৫ সংখ্যক আ্রকের আলোকে আমি একজন অগ্রহী প্রার্থী হিসাবে নার্সিং কলেজের অধ্যক্ষ পদে পদায়নের জন্য আবেদন করিতেছি।

নিম্নে আমার তথ্যাদি পেশ করিলামঃ

ক্রমিক নং	বিষয়	তথ্য			
১	নাম				
২	পিতার নাম				
৩	বর্তমান কর্মস্থল				
৪	জন্মতারিখ				
৫	সরকারি চাকরিতে ১ম যোগদানের তারিখ				
৬	সরকারি চাকরীর বয়স				
৭	বর্তমান গ্রেড ও বেতনফেল				
৮	শিক্ষাকতার অভিজ্ঞতা				
৯	গবেষণার নাম ও প্রকাশিত জার্নালের নাম (যদি থাকে)				
১০	মোবাইল নম্বর				
১১	ই-মেইল আইডি				
১২	নার্সিং শিক্ষাগত যোগ্যতা	পরীক্ষার নাম	বিষয়	প্রতিষ্ঠানের নাম	পাশের সন
		ক) বিএসসি নার্সিং/বিএসসি পাবলিক হেলথ নার্সিং			
		খ) এমএসসি/ এমএসএন/ এমপিএইচ ডিগ্রী			
		গ) পিএইচডি ইন নার্সিং			
১৩	বিভাগীয় মামলা আছে কি-না? (ক) থাকলে কোন পর্যায়ে আছে।	হ্যাঁ/না			
১৪	শারিরিক স্বাস্থ্যের সনদ দাড়িয়ে ক্রাশ নিতে সক্ষম কি-না?	হ্যাঁ/না			
১৫	ইংরেজি ভাষার দক্ষতা আছে কি-না?	হ্যাঁ/না (সনদ থাকলে সংযুক্ত করুন)			
১৬	কম্পিউটার ব্যবহারে দক্ষতা আছে কি-না?	হ্যাঁ/না (সনদ থাকলে সংযুক্ত করুন)			

সংযুক্তঃ

- ১। আবেদন "ছক" ০১ কপি।
- ২। নার্সিং শিক্ষাগত যোগ্যতার সনদ ও ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি।
- ৩। শারিরিক স্বাস্থ্যের স্বপক্ষে মেডিকেল সনদপত্র ০১ কপি।
- ৪। বিভাগীয় মামলা নাই মর্মে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক সনদ ০১ কপি।
- ৫। কোন আদালতে মামলা নেই মর্মে প্রার্থী কর্তৃক প্রত্যয়ন পত্র।
- ৬। পিডিএস ফরম।

তারিখঃ-

আবেদনকারীর স্বাক্ষরঃ

নামঃ

পদবীঃ